

মহাপরিচালক ও প্রধান কার্যালয়
মোঃ ইসমাইল হোসেন
সহকারি পরিচালক (সহকারি ও সিনিয়র মাদ্রাসা)
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
সরকারি ও সিনিয়র মাদ্রাসা শাখা
সিইড হাউস (৭ম ও ১০ম তলা) নিউ বেইলি রোড, ঢাকা
www.dme.gov.bd



স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০৩.০১.০২৫.১৮.১২৫০

তারিখ: ১২ শ্রাবণ ১৪৩০ বঙ্গাব্দ
২৭ জুলাই ২০২৩ খ্রিষ্টাব্দ

বিষয়: চাঁদপুর জেলার ফরিদগঞ্জ উপজেলাধীন মাছিমপুর ফাযিল মাদ্রাসার নিয়োগ বোর্ডে মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর ঢাকা এর প্রতিনিধি মনোনয়ন প্রদান প্রসঙ্গে।

সূত্র: (১) শিক্ষা মন্ত্রণালয়ের শাখা-২৪(মাদ্রাসা-২)এর স্মারক নং-শিম/শাখা:২৪/বিবিধ-২-৮/২০০৮(অংশ)/২৭৪, তারিখ:০৯.০৯.২০১৫খ্রি.
(২) বর্ণিত মাদ্রাসার স্মারক নং-মাফামা/পরিদ/চাঁদ/২৩/২৭; তা: ১৫/০৬/২৩ ডকেট:৮১৫২ তা: ১৮/০৬/২৩খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সূত্রস্ব (২) নং স্মারকে উল্লিখিত মাদ্রাসার অধ্যক্ষ এর আবেদনের প্রেক্ষিতে সূত্রস্ব (১)নং স্মারকের মাধ্যমে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের উপর অর্পিত ক্ষমতা বলে বিষয়োক্ত মাদ্রাসায় নিম্নবর্ণিত পদসমূহে নিয়োগের লক্ষ্যে ছকে বর্ণিত কর্মকর্তাকে উক্ত মাদ্রাসার নিয়োগ বোর্ডে মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর ঢাকা-এর প্রতিনিধি হিসেবে নিম্নলিখিত শর্তে দায়িত্ব পালনের নিমিত্ত মনোনয়ন প্রদান করা হলো-

মাদ্রাসার নাম ও ঠিকানা	নিয়োগের বিষয়/পদ	প্রতিনিধির নাম ও ঠিকানা
মাছিমপুর ফাযিল মাদ্রাসা, ফরিদগঞ্জ, চাঁদপুর। এমপিওকোড- (০৭০২০৪২৩০১) মোবাইল: ০১৮৩০১৪৮২২৩	১। উপাধ্যক্ষ-১টি (শূন্যপদ) ২। অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর-১টি (সৃষ্টপদ)	জনাব মোহাম্মদ আবু নঈম, পরিচালক (প্রশাসন ও অর্থ), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা। মোবাইল: ০১৫৫২৩৯৪৭৪

শর্তাবলীঃ

০১. মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের ০৬ জুন ২০২৩ তারিখের স্মারক ৫৭.২৫.০০০০.০০১.১৫.০০২.১৫-৬৮১ অনুযায়ী বেসরকারি মাদ্রাসায় এনটিআরসিএ (NTRCA) এর আওতা বহির্ভূত পদে নিয়োগ কার্যক্রম পরিচালনার জন্য অনুরণীয় নির্দেশমালা প্রতিপালন সাপেক্ষে নিয়োগ কার্যক্রম যথাযথভাবে সম্পাদনার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, উক্ত আদেশটি www.dme.gov.bd ওয়েবসাইট হতে সংগ্রহ করা যাবে।

০২. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা-এর প্রতিনিধি হিসেবে ১ নং শর্তের নির্দেশমালা পূঙ্খানুপূঙ্খরূপে প্রতিপালন ব্যতীত বেসরকারি মাদ্রাসায় শিক্ষক/কর্মচারী নিয়োগের সুপারিশ করা হলে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের ১৮/০৬/২০০৬ তারিখের শাঃ/মামলা/৮/২৩৩/২০০৬/১১৯১ নং পরিপত্র মোতাবেক মনোনীত প্রতিনিধির বিরুদ্ধে শৃঙ্খলামূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

সংযুক্তি: (০২) ফর্দ।

২৭-০৭-২০২৩
হাবিবুর রহমান
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

জনাব মোহাম্মদ আবু নঈম, পরিচালক (প্রশাসন ও অর্থ), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।।

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০৩.০১.০২৫.১৮.১২৫০/১ (৭)

তারিখ: ১২ শ্রাবণ ১৪৩০ বঙ্গাব্দ
২৭ জুলাই ২০২৩ খ্রিষ্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। জেলা প্রশাসক, চাঁদপুর।;
- ২। সিনিয়র সচিবের একান্ত সচিব (সিনিয়র সহকারী সচিব), সিনিয়র সচিব-এর দপ্তর, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ;
- ৩। উপ-পরিচালক (প্রশাসন), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, ফরিদগঞ্জ, চাঁদপুর।;
- ৫। অধ্যক্ষ, মাছিমপুর ফাযিল মাদ্রাসা, ফরিদগঞ্জ, চাঁদপুর (নিয়োগ পরীক্ষার তারিখ নির্ধারন পূর্বক সংশ্লিষ্টদের লিখিতভাবে অবহিত করবেন)।;
- ৬। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ফরিদগঞ্জ, চাঁদপুর। এবং
- ৭। ব্যক্তিগত সহকারী (পিএ), মহাপরিচালক এর দপ্তর, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর।



সকল সংযুক্তিসমূহ:

(১) মাছিমপুর কান ২

A handwritten signature in black ink, located in the top right corner of the page.

৩০-০৭-২০২৩

মো ইসমাইল হোসেন

সহকারী পরিচালক